

কৃষিবিদ কাজী শামস আফরোজ ২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে মৎস্য অধিদপ্তর বাংলাদেশ-এর মহাপরিচালক হিসেবে যোগদান করেন। এর পূর্বে তিনি অত্র অধিদপ্তরের পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) হিসেবে দায়িত্ব পালন করেন।

কৃষিবিদ কাজী শামস আফরোজ বিসিএস (মৎস্য) ক্যাডারের একজন সদস্য। তিনি ১৯৮৪ সালের নিয়মিত ব্যাচে বিসিএস (মৎস্য) ক্যাডারে উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে যোগদান করেন। সুদীর্ঘ চাকরি জীবনে তিনি মৎস্য অধিদপ্তরের উপজেলা মৎস্য কর্মকর্তা, প্রশিক্ষক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তা, উপপরিচালক, পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য) হিসেবে সফলতা ও দক্ষতার সাথে তাঁর দায়িত্ব পালন করেন।

তিনি রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ১৯৭৬ সালে এসএসসি, সরকারি নিউ গভ. ডিগ্রী কলেজ থেকে ১৯৭৮ সালে এইচএসসি এবং ১৯৭৮-৭৯ সেশনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর মাৎস্য বিজ্ঞান অনুষদে ভর্তি হয়ে ১৯৮২-৮৩ সালে বিএসসি ফিশারিজ (সম্মান) ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি এমবিএ ডিগ্রী অর্জন করেন।

তাঁর লিখিত মৎস্য প্রযুক্তি বিষয়ক জনপ্রিয় প্রবন্ধ বিভিন্ন জাতীয় পত্রিকা ও সংকলনে প্রকাশিত হয়। তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে বিভিন্ন শিক্ষা সফর ও প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যুক্তরাজ্য, থাইল্যান্ডসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন এবং বিভিন্ন কনফারেন্স ও ওয়ার্কশপে দেশের প্রতিনিধিত্ব করেন। তিনি কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ এর আজীবন সদস্য এবং বঙ্গবন্ধু ফিশারিজ পরিষদ, বিসিএস (মৎস্য) ক্যাডার এসোসিয়েশন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এ্যালামনাই এসোসিয়েশন ও বিসিএস ফোরাম-৮৪, বিসিএস উইমেন নেটওয়ার্ক এর সদস্য।

কাজী শামস আফরোজ ১৯৬২ সালের ১ জানুয়ারি রাজশাহী শহরের রাজপাড়া থানার কাজীহাটা নামক স্থানে জন্ম গ্রহণ করেন। তিনি পিতা-মাতার ৫ম সন্তান। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিতা এবং এক পুত্র ও এক কন্যা সন্তানের জননী।